বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
ফোন ঃ ০২-৯৫৭৪০২৫, ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৪)/২০২১-২০২২/১৩৬ তারিখঃ ২৯ জুলাই ২০২১

মহাব্যবস্থাপক
বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আমদানি রপ্তানী কার্যক্রম সার্বক্ষণিক চালু রাখার স্বার্থে ব্যাংকের এডি শাখা খোলা রাখা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা, ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এর ২৯/০৭/২০২১ খ্রিষ্টাব্দ তারিখের পত্র নং ডিওএস(জি) ১১৫১/৫০/২০২১-৩০১০ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত ডিওএস পত্রের নির্দেশনা মোতাবেক চট্টগ্রামের আগ্রাবাদ এবং খাতুনগঞ্জ-এ অবস্থিত বাংলাদেশ কৃষি ব্যাংক এর অনুমোদিত ডিলার (এডি) শাখাসমুহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করে এবং মাস্ক পরিধারণসহ স্বাস্থ্যবিধি কঠোরভাবে পরিপালনপূর্বক ৩১ জুলাই ও ৪ আগষ্ট ২০২১ সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ৩:০০ ঘটিকা পর্যন্ত ব্যাংকিং লেনদেন এবং অপরাহ্ন ৫:০০ ঘটিকা পর্যন্ত লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য খোলা রাখার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ এবং আর্ন্তজাতিক বাণিজ্য বিভাগ প্রয়োজনীয় সেবা নিশ্চিত করবে। এক্ষেত্রে, ছুটিরদিনে কাজ করার জন্য শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ হতে গত ২০-১০-২০১৩ তারিখের জারীকৃত পত্র নং-প্রকা/ শানিব্যউবি-১(২৭)অংশ-২/২০১৩-২০১৪/৬৪২ এ বর্ণিত নির্দেশনা মোতাবেক কর্মকর্তাগণ ৪০০/-(চার শত) টাকা এবং কর্মচারীগণ ৩০০/- (তিন শত) টাকা হারে ভাতা প্রাপ্য হবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনামোতাবেক।

২৯/০৭/২০২১
(জামিল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৪)/২০২১-২০২২/১৩৬ তারিখঃ ২৯ জুলাই ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়/স্টাফ কলেজ, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, চট্টগ্রাম।
০৬। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম (পশ্চিম)।
০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, চট্টগ্রাম (পশ্চিম)।
০৮। ব্যবস্থাপক, সংশ্লিষ্ট এডি শাখাসমূহ।
০৯। নথি/মহানথি।

২৯/০৭/২১
(মোঃ শাহরিয়ার মাহমুদ চৌধুরী)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস (জি) ১১৫১/৫০/২০২১-৩০১০

তারিখ : ২৯/০৭/২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

**চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আমদানি রপ্তানি কার্যক্রম সার্বক্ষণিক চালু রাখার স্বার্থে ব্যাংকের এডি শাখা খোলা রাখা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ১৯ জুলাই ২০২১ তারিখের পত্র নং- ১৮.০৪.০০০০.৫৫১.০৩.০৪০.১৬/৫৯৫ এর প্রেক্ষিতে দেশের আমদানি-রপ্তানি বাণিজ্য নির্বিঘ্ন রাখার লক্ষ্যে চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম নিরবচ্ছিন্ন ও সার্বক্ষণিক চালু রাখার নিমিত্তে সরকার কর্তৃক আরোপিত বিধি-নিষেধ চলাকালীন সময়ে চট্টগ্রামের আগ্রাবাদ এবং খাতুনগঞ্জ-এ অবস্থিত অনুমোদিত ডিলার (এডি) শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করে এবং মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি কঠোরভাবে পরিপালনপূর্বক ৩১ জুলাই ও ৪ আগস্ট ২০২১ নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী খোলা রাখার নির্দেশনা প্রদান করা হলোঃ

| ব্যাংকিং লেনদেন সময়সূচি | লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের সময়কাল |
|---|---|
| সকাল ১০.০০ টা হতে অপরাহ্ন ৩.০০ টা পর্যন্ত | অপরাহ্ন ৫.০০ টা পর্যন্ত। |

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ রোকনুজ্জামান)
উপমহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০১৫২